গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রোগ্রামারের কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
চাটখিল, নোয়াখালী
http://doict.chatkhil.noakhali.gov.bd/

## চাটখিল উপজেলার আইসিটি কমিটির এপ্রিল/২০২১ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব এ.এস.এম মোসা
উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি
উপজেলা আইসিটি কমিটি, চাটখিল, নোয়াখালী।
সভার স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ
সভার তারিখঃ ২৯ এপ্রিল , ২০২১ খ্রিষ্টাব্দ
সময়ঃ সকাল ১১:৩০ ঘটিকা

**সভায় উপস্থিতির তালিকাঃ পরিশিষ্ট- ‘ক’ দ্রষ্টব্য**

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভায় ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে তথ্য প্রযুক্তির ব্যাপক প্রচার, প্রসার ও ব্যবহারের গুরুত্বারোপ করে দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন এবং আলোচ্যসূচী পেশ করার জন্য সহকারী প্রোগ্রামার (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর)কে অনুরোধ করেন। অতঃপর সহকারী প্রোগ্রামার(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর) চাটখিল উপজেলা আইসিটি কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে আলোচনা শুরু করেন।

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ | বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জাতীয় তথ্য বাতায়নে তথ্য হালনাগাদ করণ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারী প্রতিষ্ঠানের জাতীয় তথ্যবাতায়নে তথ্য হালনাগাদ করণে করণীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সকল দপ্তরের পোর্টাল হালনাগাদের সামগ্রিক চিত্র সভায় বিস্তারিত দেখানো হয়। উপজেলার বর্তমান পোর্টাল হালনাগাদের মোট শতাংশ ৯৯.৮৮%। ৩৬টি সরকারী অফিসের পোর্টাল শতভাগ হালনাগাদ করা হয়েছে। ০৩টি ইউনিয়ন পরিষদ অফিসের পোর্টাল হালনাগাদের কার্যক্রম চলমান রয়েছে। সকল তথ্য সম্বলিত সাইট হালনাগাদ করণে তথ্য আসতে বিলম্ব হচ্ছে এ মর্মে সহকারী প্রোগ্রামার ইউএনও মহোদয়কে অবহিত করেন। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান এবং উদ্যোক্তাকে অগ্রাধিকার ভিত্তিতে সকল তথ্য সম্বলিত ওয়েবসাইট হালনাগাদ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত হয়। | প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান এবং সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০২ | ই-নথির কার্যক্রম পরিচালনা | উপজেলার সকল সরকারী দপ্তরে লাল ফিতার দৌরাত্ম্য রোধে, সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে এবং ডিজিটাল গভর্নেন্স প্রতিষ্ঠায় ই-নথির কার্যক্রম অনতিবিলম্বে শুরু করা দরকার বলে সভায় সবাই একমত পোষণ করেন। এর পাশাপাশি করোনা সংক্রমণরোধে অনলাইনে ফাইল আদানপ্রদানের ব্যাপারেও ই-নথি এর গুরুত্ব নিয়ে আলোকপাত করা হয়। চাটখিল উপজেলার ই-নথিতে লাইভ ১০টি অফিসসমূহের তালিকা সভায় উপস্থাপিত হয়।<br>যে সকল অফিসসমূহের লাইভ আইডি রয়েছে, সেই সকল অফিস সমূহে শতভাগ দাপ্তরিক কার্যক্রম ই-নথি ব্যবহারের মাধ্যমে সম্পাদনের নির্দেশনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধানের তত্ত্বাবধানে উক্ত দপ্তর এবং সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৩ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব তদারকি | উপজেলায় (১২) বারোটি শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে। সভায় উক্ত ল্যাবগুলোর সার্বক্ষনিক পর্যবেক্ষণ ও পরিচালনা করা ও ব্যবহার বৃদ্ধিতে করণীয় বিষয় সংক্রান্ত আলোচনা হয়। করোনাকালীন সময়ে ল্যাবসমূহের যথাযথ দেখভাল এবং পরিচালনা সংক্রান্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের নির্দেশনার ব্যাপারে সভায় উপস্থিত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদেরকে অবহিত করা হয়। এর পাশাপাশি ল্যাব সমূহ নিয়মিত ভিত্তিতে পরিদর্শন করার জন্য ইউএনও মহোদয় সহকারী প্রোগ্রামারকে তাগিদ প্রদান করেন।<br>এর পাশাপাশি নতুন যে সমস্ত প্রতিষ্ঠান ল্যাব পাবার উপযুক্ত তাদের তালিকা পাওয়া সাপেক্ষে প্রতিষ্ঠান পরিদর্শন করা হবে মর্মে সভায় সহকারী প্রোগ্রামার অবহিত করেন। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | PoP(Point of Presence) তদারকি ও ব্যবহার | সভায় চাটখিল উপজেলার প্রতিটি ইউনিয়নে স্থাপিত PoP সমূহের সার্বক্ষনিক পর্যবেক্ষণ, নিরাপত্তা ও ব্যবহার বৃদ্ধি এবং ইনফো-সরকার-৩ প্রকল্পানুসারে PoP সমূহের সেবা বেসরকারী আইএসপি কোম্পানির নিকট বিক্রির মাধ্যমে উপার্জনের জন্য করণীয় বিষয় সংক্রান্ত আলোচনা হয়।<br>এছাড়াও প্রতি মাসে PoP সমূহে সার্বক্ষণিক পরিদর্শন ও পর্যবেক্ষন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | বাস্তবায়নে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ ও সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৫ | ইউনিয়ন পরিষদের জন্ম মৃত্যু নিবন্ধন কার্যক্রম | ইউনিয়ন পরিষদ এবং পৌরসভাতে জন্ম মৃত্যু নিবন্ধন কার্যক্রমে নতুন সার্ভারে স্বাভাবিকভাবে চলমান রয়েছে এ মর্মে সভায় সহকারী প্রোগ্রামার অবহিত করেন।<br>এর পাশাপাশি অবৈধভাবে বিনা সংযুক্তি ব্যতীত বয়স সংশোধন না করার ব্যাপারে ইউএনও মহোদয় নির্দেশনা দেন। | বাস্তবায়নে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ ও সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৬ | কোভিড-১৯ট্র্যাকার অ্যাপ | সভায় আইসিটি বিভাগের উদ্যোগে নির্মিত কোভিড-১৯ট্র্যাকার অ্যাপ সম্পর্কে উপস্থিতিদের অবহিত করা হয়। অ্যাপ এর মাধ্যমে কি ধরণের সেবা পাওয়া সম্ভব এবং কিভাবে ব্যবহার করা যায়, সেটি নিয়ে আলোকপাত করা হয়। উপস্থিতি সকলকে এই অ্যাপ ব্যবহার করার ব্যাপারে নির্দেশনা দেওয়া হয়। | সংশ্লিষ্ট সকলে |
| ০৭ | সুরক্ষা অ্যাপ | কোভিড-১৯ ভ্যাকসিন এর নিবন্ধন এর জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক নির্মিত ‘সুরক্ষা’ অ্যাপের মাধ্যমে টীকার জন্য নিবন্ধনের বিষয়টি সভায় উত্থাপিত হয়। সহকারী প্রোগ্রামার মহোদয়কে ইউএনও মহোদয় সার্বক্ষণিক সহযোগিতা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। | সংশ্লিষ্ট সকলে |
| ০৮ | অন্যান্য | টেলিমেডিসিন এর প্রয়োগ আরো জোরদারকরণে সভায় আলোচনা হয়। করোনাসংক্রান্ত জরুরী সকল অফিসিয়াল নির্দেশনা যাতে সহজে অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে জানা যায় সেজন্য ফেসবুকে উপজেলা প্রশাসনের একটি মেসেঞ্জার গ্রুপ রয়েছে। গ্রুপের সংশ্লিষ্ট সকলকে গ্রুপটিতে সক্রিয় থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকলে |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯-০৪-২০২১
(এ.এস.এম মোসা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
চাটখিল, নোয়াখালী।

স্মারক নং - ৫৬.০৪.৭৫১০.০০০.০৬.০০৯.২১.৪/১১

তারিখঃ ১৬ বৈশাখ, ১৪২৮ বাংলা
২৯ এপ্রিল, ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় সভাপতি, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৪. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,আগারগাঁও, ঢাকা-১২০৭।
৫. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬. জেলা প্রশাসক, নোয়াখালী।
৭. প্রোগ্রামার(ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নোয়াখালী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রোগ্রামারের কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
চাটখিল, নোয়াখালী
http://doict.chatkhil.noakhali.gov.bd/

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় )

১. মাননীয় সংসদ সদস্য, ২৬৮, নোয়াখালী-১ ও উপদেষ্টা, উপজেলা আইসিটি কমিটি, চাটখিল, নোয়াখালী।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাটখিল, নোয়াখালী।
৩. উপজেলা নির্বাহী কর্মকর্তা, চাটখিল, নোয়াখালী।
৪. অফিস কপি।

**( কাজী মঈনুল হোসেন )**
**সহকারী প্রোগ্রামার**
**ও**
**সদস্য সচিব**
**উপজেলা আইসিটি কমিটি**
**চাটখিল, নোয়খালী**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রোগ্রামারের কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
চাটখিল, নোয়াখালী
http://doict.chatkhil.noakhali.gov.bd/

## পরিশিষ্ট – "ক"

**চাটখিল উপজেলার আইসিটি কমিটির এপ্রিল/২০২১ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভায় উপস্থিতির তালিকাঃ**

| ক্রম | কমিটির সদস্য | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | মাননীয় সংসদ সদস্য | ----- | অনুপস্থিত |
| ২. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | ----- | অনুপস্থিত |
| ৩. | উপজেলা নির্বাহী অফিসার, চাটখিল, নোয়াখালী | স্বাক্ষরিত | উপস্থিত |
| ৪. | সহকারী কমিশনার(ভূমি), চাটখিল, নোয়াখালী | ----- | অনুপস্থিত |
| ৫. | অধ্যক্ষ, চাটখিল পাঁচগাঁও মাহবুব সরকারী কলেজ, চাটখিল, নোয়াখালী | স্বাক্ষরিত | উপস্থিত |
| ৬ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চাটখিল, নোয়াখালী | স্বাক্ষরিত | উপস্থিত |
| ৭. | উপজেলা কৃষি কর্মকর্তা, চাটখিল, নোয়াখালী | স্বাক্ষরিত | উপস্থিত |
| ৮. | উপজেলা মৎস্য কর্মকর্তা, চাটখিল, নোয়াখালী | ----- | অনুপস্থিত |
| ৯. | অফিসার ইন চার্জ(চাটখিল থানা), চাটখিল, নোয়াখালী | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১০. | উপজেলা প্রকৌশলী, চাটখিল, নোয়াখালী | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১১. | প্রধান শিক্ষক, চাটখিল সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, চাটখিল, নোয়াখালী | ----- | অনুপস্থিত |
| ১২. | অধ্যক্ষ, সোমপাড়া কলেজ | ----- | অনুপস্থিত |
| ১৩. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, চাটখিল, নোয়াখালী | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১৪. | উপজেলা শিক্ষা কর্মকর্তা, চাটখিল, নোয়াখালী | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১৫. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, চাটখিল, নোয়াখালী | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১৬. | সহকারী প্রোগ্রামার, ব্যানবেইস, চাটখিল, নোয়াখালী | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১৭. | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, চাটখিল, নোয়াখালী | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১৮. | উদ্যোক্তা, পাঁচগাঁও ইউপি, চাটখিল, নোয়াখালী | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১৯. | পরিচালক, স্কাইনেট(আইএসপি), চাটখিল, নোয়াখালী | ----- | অনুপস্থিত |
| ২০. | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চাটখিল, নোয়াখালী | স্বাক্ষরিত | উপস্থিত |